# জাতীয় বিশ্ববিদ্যালয়

জাতীয় বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২-এর ৪৬ নম্বর ধারা মোতাবেক প্রণীত
স্নাতক (সম্মান) প্রোগ্রামের সংশোধিত রেগুলেশন ২০২৫

**Bachelor Degree (Honours) Revised Regulation 2025**

১. **প্রোগ্রামের মেয়াদ :**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (সম্মান) প্রোগ্রামের প্রতিটি বিষয় ৪ বছর মেয়াদি সমন্বিত কোর্স (Integrated Course) হিসেবে বিবেচিত হবে।

খ) কোর্সসমূহকে চারটি একাডেমিক বর্ষে বিভক্ত করে পাঠদান সম্পন্ন করা হবে, যেমনঃ ১ম বর্ষ, ২য় বর্ষ, ৩য় বর্ষ ও ৪র্থ বর্ষ।

গ) সংশ্লিষ্ট বিষয়ের সিলেবাস অনুযায়ী প্রতি শিক্ষাবর্ষে ক্লাস শুরুর পর থেকে মোট ২৮ সপ্তাহ পাঠদান, ৪ সপ্তাহ পরীক্ষার প্রস্তুতি, ৪ সপ্তাহ ফাইনাল পরীক্ষার কার্যক্রম চলবে। অবশিষ্ট সময়ের মধ্যে পরীক্ষার ফল প্রকাশ করা হবে। প্রতি বর্ষের পরীক্ষা শেষ হওয়ার ২ সপ্তাহ পর পরবর্তী বর্ষের ক্লাস শুরু হবে এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে এই প্রোগ্রাম পরিচালিত হবে। গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ (Grade Point Average (GPA) ও সিজিপিএ (Cumulative Grade Point Average (CGPA) হিসেবে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে।

২. **স্নাতক (সম্মান) প্রোগ্রাম ও বিষয়সমূহ :**

উক্ত প্রোগ্রামে বিষয়ভিত্তিক চারটি শাখায় স্নাতক (সম্মান) প্রোগ্রামঃ যথাক্রমে, ব্যাচেলর অব আর্টস (বিএ) অনার্স, ব্যাচেলর অব সোশ্যাল সায়েন্স (বিএসএস) অনার্স, ব্যাচেলর অব বিজনেস এডমিনিস্ট্রেশন (বিবিএ) অনার্স এবং ব্যাচেলর অব সায়েন্স (বিএসসি) অনার্স ডিগ্রী প্রদান করা হবে। বিভিন্ন ব্যাচেলর (অনার্স) প্রোগ্রামের অন্তর্ভুক্ত বিষয়সমূহ নিম্নরূপ :

ক) **বি এ (অনার্স) :** [Bachelor of Arts (Honours)]

| ক্রমিক | বিষয় | ক্রমিক | বিষয় |
|---|---|---|---|
| ১) | বাংলা | ৭) | ইসলামি শিক্ষা |
| ২) | ইংরেজি | ৮) | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি |
| ৩) | আরবি | ৯) | লাইব্রেরী ও তথ্যবিজ্ঞান |
| ৪) | সংস্কৃত | ১০) | বি-মিউজিক |
| ৫) | ইতিহাস | ১১) | বি-স্পোর্টস |
| ৬) | দর্শন | | |

খ) **বিএসএস (অনার্স) :** [Bachelor of Social Science (Honours)]

| ক্রমিক | বিষয় | ক্রমিক | বিষয় |
|---|---|---|---|
| ১) | অর্থনীতি | ৪) | সমাজবিজ্ঞান |
| ২) | রাষ্ট্রবিজ্ঞান | ৫) | নৃ-বিজ্ঞান |
| ৩) | সমাজকর্ম | | |

গ) **বিবিএ (অনার্স) :** [Bachelor of Business Administration (Honours)]

| ক্রমিক | বিষয় |
|---|---|
| ১) | ব্যবস্থাপনা |
| ২) | ফিন্যান্স এন্ড ব্যাংকিং |
| ৩) | মার্কেটিং |
| ৪) | হিসাববিজ্ঞান |

৯/১১/২০২৫
Dr. A. H. M. Ruhul Quddus
Dean (In-Charge)
Curriculum Development & Evaluation Centre
National University, Bangladesh.
E-mail : dean.curriculum@nu.ac.bd

Curriculum Development and Evaluation Centre
Estd 1992
Date..........
National University, Bangladesh

ঘ) বিএসসি (অনার্স): [Bachelor of Science (Honours)]

| ক্রমিক | বিষয় | ক্রমিক | বিষয় |
|---|---|---|---|
| ১) | রসায়ন | ৮) | ভূগোল ও পরিবেশ |
| ২) | পদার্থবিজ্ঞান | ৯) | পরিবেশ বিজ্ঞান |
| ৩) | গণিত | ১০) | মনোবিজ্ঞান |
| ৪) | পরিসংখ্যান | ১১) | মৃত্তিকাবিজ্ঞান |
| ৫) | উদ্ভিদবিজ্ঞান | ১২) | গার্হস্থ্য অর্থনীতি |
| ৬) | প্রাণিবিদ্যা | | |
| ৭) | প্রাণরসায়ন | | |

৩. ভর্তির যোগ্যতা :

ক) বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক/আলিম বা দেশ-বিদেশের সমমানের পরীক্ষায় পাশ করা শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম-কানুন ও শর্ত অনুযায়ী ব্যাচেলর (অনার্স) প্রোগ্রামে পূর্ণকালীন ছাত্র/ছাত্রী হিসেবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজে ভর্তি হতে পারবে।

খ) বিশ্ববিদ্যালয়ে ভর্তির শর্তপূরণ করলে এবং সংশ্লিষ্ট বিষয়/ইউনিটের ভর্তি পরীক্ষায় কৃতকার্য হলে শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজে/প্রতিষ্ঠানে মেধাক্রমের ভিত্তিতে ভর্তি হতে পারবে।

গ) মেধা তালিকায় অন্তর্ভুক্ত হয়নি, এমন শিক্ষার্থীকে কোন অবস্থাতেই ভর্তি করা যাবে না।

৪. রেজিস্ট্রেশন :

ক) পূর্ণকালীন ছাত্র/ছাত্রী হিসেবে বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী একজন শিক্ষার্থী কেবলমাত্র একটি বিষয়ে ভর্তি হতে পারবে।

খ) একজন শিক্ষার্থীকে সর্বোচ্চ ০৭ (সাত) শিক্ষাবর্ষের মধ্যে ব্যাচেলর অব অনার্স কোর্স সম্পন্ন করে ডিগ্রি অর্জন করতে হবে।

৫. কোর্সেস ও ক্রেডিট-ঘণ্টা :

ক্রেডিট আওয়ারের ভিত্তিতে BNQF এর নীতিমালা অনুসরণ করে শিক্ষা কার্যক্রমসমূহ পরিচালিত হবে।

**তত্ত্বীয় ও ব্যবহারিক শিক্ষাকার্যক্রমের জন্য নিম্নেবর্ণিত ক্লাস-ঘণ্টা অনুসরণ করা হবে।**

**ক) তত্ত্বীয় শিক্ষা কার্যক্রম:**

| ক্রেডিট | সর্বমোট ক্লাস-ঘণ্টা |
|---|---|
| ৪ ক্রেডিট | ৫৬ ঘণ্টা |
| ৩ ক্রেডিট | ৪২ ঘণ্টা |
| ২ ক্রেডিট | ২৮ ঘণ্টা |

**খ) ব্যবহারিক শিক্ষা কার্যক্রম:**

| ক্রেডিট | সর্বমোট ক্লাস-ঘণ্টা |
|---|---|
| ৪ ক্রেডিট | ৮৪ ঘণ্টা |
| ৩ ক্রেডিট | ৬৩ ঘণ্টা |
| ২ ক্রেডিট | ৪২ ঘণ্টা |
| ১ ক্রেডিট | ২১ ঘণ্টা |

গ) ফিল্ড ওয়ার্ক/ইন্ডাস্ট্রিয়াল অ্যাটাচমেন্ট/ইন্টার্নশীপ কার্যক্রম:

| ক্রেডিট | সর্বমোট ক্লাস-ঘণ্টা |
|---|---|
| ৪ ক্রেডিট | ১১২ ঘণ্টা |
| ৩ ক্রেডিট | ৮৪ ঘণ্টা |
| ২ ক্রেডিট | ৫৬ ঘণ্টা |
| ১ ক্রেডিট | ২৮ ঘণ্টা |

Dr. A. H. M. Ruhul Quddus
Dean (In-Charge)
Curriculum Development & Evaluation Centre
National University, Bangladesh.
E-mail : dean.curriculum@nu.ac.bd

ঘ) প্রোগ্রামভিত্তিক ক্রেডিট বণ্টন:

প্রতিটি বিষয়ে ন্যূনতম ১৪০ (একশত চল্লিশ) ক্রেডিটের কোর্স থাকবে। History of Bangladesh: Language, Culture and Identity (HBLCI) এবং Information and Communication Technology (ICT) কোর্সসমূহ প্রথম বর্ষের সকল বিভাগের শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক হিসেবে সিলেবাসে অন্তর্ভুক্ত থাকবে। ২য় বর্ষে English এবং ২য় থেকে ৪র্থ বর্ষ পর্যন্ত প্রতি বর্ষে ১টি করে মোট ৩টি Professional Skill কোর্স অন্তর্ভুক্ত থাকবে। ২য় এবং ৪র্থ বর্ষে ২ ক্রেডিটের ১টি করে Viva-Voce অন্তর্ভুক্ত থাকবে। প্রোগ্রামভিত্তিক কোর্স ও ক্রেডিট বণ্টন সংশ্লিষ্ট প্রোগ্রামের আওতাধীন বিষয়সমূহের সিলেবাসে বিস্তারিত উল্লেখ থাকবে।

৬. ক) ক্রেডিটভিত্তিক কোর্সের বিস্তারিত নম্বর বণ্টন ও পরীক্ষার সময়কাল:

| | ক্রেডিট | মোট নম্বর | Continuous Assessment | | | ফাইনাল পরীক্ষা | পরীক্ষার সময়কাল |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ইনকোর্স | অ্যাসাইনমেন্ট/ প্রেজেন্টেশন/ কুইজ টেস্ট | ক্লাস উপস্থিতি | | |
| তত্ত্বীয় | ৪ | ১০০ | ১০ | ৫ | ৫ | ৮০ | ৪ ঘণ্টা |
| | ৩ | ৭৫ | ৮ | ৪ | ৩ | ৬০ | ৩ ঘণ্টা |
| | ২ | ৫০ | ৫ | ৩ | ২ | ৪০ | ২ ঘণ্টা |

খ) ব্যবহারিক পরীক্ষার সময়কাল :

৪ ক্রেডিট কোর্সের জন্য ন্যূনতম ৬ থেকে ১২ ঘণ্টা (সংশ্লিষ্ট সিলেবাসে নির্ধারিত করা থাকবে)।
৩ ক্রেডিট কোর্সের জন্য সর্বোচ্চ ৬ ঘণ্টা (সংশ্লিষ্ট সিলেবাসে নির্ধারিত করা থাকবে)।
২ ক্রেডিট কোর্সের জন্য ৩ থেকে ৬ ঘণ্টা (সংশ্লিষ্ট সিলেবাসে নির্ধারিত করা থাকবে)।
১ ক্রেডিট কোর্সের জন্য ১.৫ থেকে ৩ ঘণ্টা (সংশ্লিষ্ট সিলেবাসে নির্ধারিত করা থাকবে)।

৭. পাঠদান ও পরীক্ষার মাধ্যম :

পাঠদানের মাধ্যম হবে বাংলা অথবা ইংরেজি। পরীক্ষার উত্তরপত্র বাংলা অথবা ইংরেজি ভাষার যে কোন একটি মাধ্যমে লিখতে হবে। উদ্ধৃতি ও টেকনিক্যাল শব্দ ব্যতীত একই কোর্সের উত্তরপত্রে বাংলা ইংরেজির মিশ্রণ গ্রহণযোগ্য নয়। তবে ভাষা সাহিত্যের বিষয়সমূহের ক্ষেত্রে পাঠদান ও পরীক্ষার ভাষা সংশ্লিষ্ট ভাষায় হবে।

৮. পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা :

স্নাতক (সম্মান) পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা হিসেবে মোট লেকচার ক্লাস/ব্যবহারিক ক্লাসের উপস্থিতি কমপক্ষে ৬০% থাকতে হবে। **পরীক্ষার ফরম পূরণের সময় কলেজ কর্তৃপক্ষকে Website-এ শিক্ষার্থীর ক্লাস উপস্থিতির হার (%) উল্লেখ করতে হবে।**

৯. উত্তরপত্র মূল্যায়ন ও পুনর্মূল্যায়ন পদ্ধতি :

ক) প্রতিটি কোর্সের উত্তরপত্র একজন পরীক্ষক দ্বারা মূল্যায়ন করা হবে। OMR যুক্ত মূল্যায়নকৃত উত্তরপত্র বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা মোতাবেক নির্ধারিত স্থানে পরীক্ষকের নিকট জমা দিতে হবে।

খ) ফলাফল প্রকাশের পর শিক্ষার্থীদের আবেদনের ভিত্তিতে উত্তরপত্র পুনর্মূল্যায়ন করা যাবে।

গ) ইনকোর্স পরীক্ষা : ২০২৪-২৫ শিক্ষাবর্ষ থেকে স্নাতক (সম্মান) শ্রেণির সকল প্রোগ্রামের প্রতি ক্লাস শুরু থেকে ১৪ সপ্তাহের মধ্যে প্রতিটি কোর্সের অর্ধেক পাঠ্যসূচি শেষ করে পঠিত অংশের উপর কোর্স শিক্ষককে একটি ইনকোর্স পরীক্ষা গ্রহণ করতে হবে। একইভাবে পরবর্তী ১৪ সপ্তাহের মধ্যে পাঠ্যসূচির বাকী অর্ধেক শেষ করে এ অংশের উপর আর একটিসহ মোট ২টি ইনকোর্স পরীক্ষা গ্রহণ করতে হবে। অভ্যন্তরীণভাবে উত্তরপত্র মূল্যায়ন করে ইনকোর্স, অ্যাসাইনমেন্ট প্রেজেন্টেশন ও ক্লাস উপস্থিতির নম্বর যোগ করে প্রাপ্ত মোট নম্বরপত্রের এক কপি সংশ্লিষ্ট কোর্সের কোড নম্বর ও শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন/রোল নম্বরের বিপরীতে অনলাইনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরিচালক, তথ্য প্রযুক্তি (ICT) দপ্তরে প্রেরণ করতে হবে। এক কপি নম্বরপত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট উপ-পরীক্ষা নিয়ন্ত্রক এর নিকট প্রেরণ করতে হবে এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে। **ইনকোর্স পরীক্ষা বিশ্ববিদ্যালয় কর্তৃক ঘোষিত নির্দিষ্ট তারিখের মধ্যে সম্পন্ন করে উত্তরপত্র নিকটস্থ আঞ্চলিক কেন্দ্র/গাজীপুর ক্যাম্পাসে পাঠাতে হবে।**



Dr. A. H. M. Rohul Quddus
Dean (In-Charge)
Curriculum Development & Evaluation Centre
National University, Bangladesh
E-mail: dean.curriculum@nu.ac.bd

| ক্রেডিট সংখ্যা ও মোট উপস্থিতির নম্বর | উপস্থিতির হার | প্রদেয় নম্বর |
|---|---|---|
| ৪ ক্রেডিট তত্ত্বীয় কোর্স সর্বমোট নম্বর: ৫ | ৮০% অথবা তদূর্ধ্ব উপস্থিতির ক্ষেত্রে | ৫ |
| | ৭০% হতে ৮০% এর নিচে উপস্থিতির ক্ষেত্রে | ৪ |
| | ৬০% হতে ৭০% এর নিচে উপস্থিতির ক্ষেত্রে | ৩ |
| ৩ ক্রেডিট তত্ত্বীয় কোর্স সর্বমোট নম্বর: ৩ | ৮০% অথবা তদূর্ধ্ব উপস্থিতির ক্ষেত্রে | ৩ |
| | ৭০% হতে ৮০% এর নিচে উপস্থিতির ক্ষেত্রে | ২ |
| | ৬০% হতে ৭০% এর নিচে উপস্থিতির ক্ষেত্রে | ১ |
| ২ ক্রেডিট তত্ত্বীয় কোর্স সর্বমোট নম্বর: ২ | ৮০% অথবা তদূর্ধ্ব উপস্থিতির ক্ষেত্রে | ২ |
| | ৬০% হতে ৮০% এর নিচে উপস্থিতির ক্ষেত্রে | ১ |

## ১০. মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা

ক) মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা বিশ্ববিদ্যালয় ঘোষিত নির্ধারিত তারিখের মধ্যে এবং বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত শিক্ষক প্রতিনিধির উপস্থিতিতে গ্রহণ করতে হবে।

খ) অভ্যন্তরীণ ও বহিরাগত পরীক্ষক দ্বারা ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা পরিচালিত হবে। পরীক্ষকগণ পরীক্ষা চলাকালীন সময়ে ছাত্র-ছাত্রীদের পরীক্ষণ মূল্যায়ন সম্পন্ন করবেন। ব্যবহারিক পরীক্ষায় অভ্যন্তরীণ মূল্যায়নকৃত নম্বর ও খাতাভিত্তিক নম্বর যোগ করে মোট প্রাপ্ত নম্বর ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন হবার পরে জাতীয় বিশ্ববিদ্যালয়ে অনলাইনে প্রেরণ করতে হবে। অভ্যন্তরীণ ও বহিঃপরীক্ষক পৃথকভাবে নম্বর জমা দিবেন।

গ) কোন শিক্ষার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ হলে পরীক্ষা কমিটি/পরীক্ষা নিয়ন্ত্রক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অনুমোদন সাপেক্ষে বিশেষক্ষেত্রে (লিখিত প্রমাণাদি) সংশ্লিষ্ট পরীক্ষার ফলাফল প্রকাশের পূর্বে নির্ধারিত অতিরিক্ত ফি প্রদান করে বিশেষ বিবেচনায় মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। সেক্ষেত্রে পরীক্ষার্থীকে মৌখিক পরীক্ষা অনুষ্ঠানের যাবতীয় খরচ বহন করতে হবে।

ঘ) মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী অনুমতিক্রমে একবার পরবর্তী শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের সাথে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

ঙ) পরীক্ষা নিয়ন্ত্রক বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক পরীক্ষা কমিটি ও পরীক্ষকগণের তালিকা (তত্ত্বীয়, ব্যবহারিক, মৌখিক, ফিল্ড ওয়ার্ক) প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করবেন। মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের মনোনীত প্রতিনিধি ছাড়া গ্রহণ করা যাবে না। এরূপ পরীক্ষা গ্রহণের জন্য মনোনীত কোন শিক্ষক দায়িত্ব পালন না করলে বা করতে ব্যর্থ হলে পরীক্ষা নিয়ন্ত্রকের পূর্বানুমতি গ্রহণপূর্বক একজন উপযুক্ত শিক্ষককে দিয়ে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করা যাবে। বিশ্ববিদ্যালয়ের পূর্বানুমতি ছাড়া অন্য কোন শিক্ষককে দিয়ে পরীক্ষা গ্রহণ করা যাবে না। প্রতিদিন অনধিক ৩০ (ত্রিশ) জন পরীক্ষার্থীর ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা যাবে। প্রতিদিন অনধিক ১০০ (একশত) জন পরীক্ষার্থীর মৌখিক পরীক্ষা গ্রহণ করা যাবে।

চ) মৌখিক/ব্যবহারিক পরীক্ষা শেষ হওয়ার ৭ দিনের মধ্যে কলেজ কর্তৃপক্ষকে উক্ত পরীক্ষার নম্বর যথারীতি অনলাইনে ও অফলাইনে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করতে হবে এবং এর একটি কপি অধ্যক্ষের দপ্তরে নিজ দায়িত্বে গোপনীয়ভাবে সংরক্ষণ করতে হবে।

ছ) বিজ্ঞান বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় ফিল্ড রিপোর্ট ও কেস স্টাডি ইংরেজি ভাষায় প্রস্তুত করতে হবে।

## ১১. গ্রেডিং সিস্টেম:

উত্তরপত্র নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হবে। একজন পরীক্ষার্থীর তত্ত্বীয়, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরকে লেটার গ্রেড (Letter Grade) ও গ্রেড পয়েন্ট (Grade Point) রূপান্তর করা হবে। পরীক্ষার্থীর ফলাফল মূল্যায়নের জন্য নিম্নলিখিত লেটার গ্রেড ও সংশ্লিষ্ট গ্রেড পয়েন্ট থাকবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রণয়ন অভিন্ন গ্রেডিং পদ্ধতি অনুযায়ী গাণিতিক (Numerical) নম্বর, লেটার গ্রেড ও গ্রেড পয়েন্ট হবে নিম্নরূপ।

| Numerical Grade | Letter Grade (LG) | Grade Point (GP) |
|---|---|---|
| 80% or above | $A^+$ (Plus) | 4.00 |
| 75% to less than 80% | A (Plain) | 3.75 |
| 70% to less than 75% | $A^-$(Minus) | 3.50 |
| 65% to less than 70% | B+ (Plus) | 3.25 |
| 60% to less than 65% | B (Plain) | 3.00 |
| 55% to less than 60% | $B^-$ (Minus) | 2.75 |
| 50% to less than 55% | $C^+$ (Plus) | 2.50 |



Dean (In-Charge)
Curriculum Development & Evaluation Centre
National University, Bangladesh

| | | |
|---|---|---|
| 45% to less than 50% | C (Plain) | 2.25 |
| 40% to less than 45% | D (Plain) | 2.00 |
| < 40% (Less than 40%) | Fail | 0.00 |

Curriculum Development and Evaluation Centre
Estd 19..
Date..........
National University, Bangladesh

### ১২. উত্তীর্ণ গ্রেড:

ছাত্র/ছাত্রীদের সকল নির্ধারিত কোর্সে (তত্ত্বীয় ও ব্যবহারিক) এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। সকল কোর্সে ও মৌখিক পরীক্ষায় পাশ নম্বর ৪০% বা গ্রেড পয়েন্ট 2। যে সকল কোর্সে D বা তদুর্দ্ধ গ্রেড 2 পয়েন্ট অর্জিত হবে শুধুমাত্র সে কোর্সগুলোর ক্রেডিট ফলাফলের গণনায় আনা হবে।

### ১৩. জিপিএ (GPA) এবং সিজিপিএ (CGPA) নির্ণয়:

নির্দিষ্ট কোর্সে প্রাপ্ত গ্রেড পয়েন্টকে উক্ত বিষয়ের ক্রেডিট দ্বারা গুণ করে এ কোর্সে অর্জিত পয়েন্ট (EPS) নির্ধারণ করা হবে। উক্ত বছরে সকল কোর্সে অর্জিত মোট পয়েন্টকে মোট অর্জিত ক্রেডিট দ্বারা ভাগ করে এক বছরের জিপিএ (GPA) নিরূপণ করা হবে। এভাবে সকল বছরে অর্জিত মোট (GPA) পয়েন্টসমূহকে যোগ করে এবং এর সাথে অর্জিত (TPS) পয়েন্ট যোগ করে মোট যোগফলকে সর্বমোট ক্রেডিট দ্বারা ভাগ করে সিজিপিএ (CGPA) নির্ধারণ করা হবে। D এর নীচে প্রাপ্ত গ্রেডের জন্য কোন ক্রেডিট অর্জিত হবে না এবং তা F (Fail) গ্রেড বলে বিবেচিত হবে । F গ্রেড থেকে উচ্চতর গ্রেডে উন্নীত হলে অর্জিত ক্রেডিট CGPAগণনায় যুক্ত হবে। F গ্রেড উচ্চতর গ্রেডে উন্নীত হলে পরবর্তীতে মানোন্নয়নের আর সুযোগ থাকবে না।

**জিপিএ এবং সিজিপিএ গণনা পদ্ধতি:**

$$GPA = \frac{\sum \text{PS (Total Point Secured in a year)}}{\sum \text{EC (Total Earned Credits in a year)}}$$

Example :Grade Point Average (GPA) Calculation for a year :

| Course Code | No. of Credit | Letter Grade (LG) | Grade Points (GP) | Earned Points Secured (EPS) = No. of Credits ×Grade Point |
|---|---|---|---|---|
| 211601 | 4 | $A^-$ | 3.50 | 14.00 |
| 211602 | 4 | $B^+$ | 3.25 | 13.00 |
| 211603 | 4 | B | 3.00 | 12.00 |
| 211604 | 4 | F | 0.00 | 0.00 |
| **Total =** | **16** | | | **39.00** |

Total Point Secured (TPS) = 39
Earned Credits (EC) = 4+4+4+0) = 12

$$GPA = \frac{\text{Total Point Secured in a year}}{\text{Total Credits in a year}}$$

$$= \frac{39}{16} = 2.44$$

$$CGPA = \frac{\text{TPS of (1st year + 2nd year + 3rd year + 4th year) + Earned Grade Points}}{\text{Total number of Credits completed in the whole programme}}$$

EPS : Earned Point Secured
GPS : Grade Point Average
TPS : Total Point Secured
CGPA : Cumulative Grade Point Average

২১/১০/২০২৫
Dr. A. H. M. ... Quddus
Dean (In-Charge)
Curriculum Development & Evaluation Centre
National University, Bangladesh
E-mail : dean.curriculum@nu.ac.bd

Curriculum Development and Evaluation Centre
Estd 1992
Date..........
National University, Bangladesh

## ১৪. প্রমোশন, গ্রেড উন্নয়ন ও মানোন্নয়ন নীতিমালা :

ক) এক বর্ষ থেকে পরবর্তী বর্ষে Promotion এর জন্য সকল কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।

খ) ১ম বর্ষ থেকে ২য় বর্ষে Promotion এর জন্য কমপক্ষে ৫০% কোর্সে D গ্রেড পেতে হবে।

গ) ২য় বর্ষ থেকে ৩য় বর্ষে Promotion এর জন্য কমপক্ষে ৫০% কোর্সে D গ্রেড পেতে হবে।

ঘ) কোন বর্ষে ১টি কোর্সের পরীক্ষায় অনুপস্থিত থেকে বাকি সকল কোর্সে কমপক্ষে D গ্রেড পেলে শর্তসাপেক্ষে পরবর্তী বর্ষে প্রমোশন পাবে। তবে শর্ত থাকে যে, অনুপস্থিত কোর্সে পরবর্তী বছর পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।

ঙ) ৩য় বর্ষ থেকে ৪র্থ বর্ষে প্রমোশনের জন্য ৩য় বর্ষের কোর্সসমূহের মধ্যে কমপক্ষে ৫০% কোর্সে D গ্রেড পেতে হবে।

চ) শর্ত ক-ঘ পূরণে ব্যর্থ শিক্ষার্থী চতুর্থ বর্ষে পূর্ববর্তী বছরের শুধুমাত্র F এবং একটি অনুপস্থিত কোর্সের গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করবে। একই সাথে C, $C^+$ এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ ২টি কোর্সে মানোন্নয়ন পরীক্ষার জন্য অংশগ্রহণ করতে পারবে।

ছ) Promoted এবং Not Promoted সকল পরীক্ষার্থী C, $C^+$ এবং D গ্রেড পাওয়া প্রতি বর্ষের সর্বোচ্চ ২টি কোর্সে শুধুমাত্র পরবর্তী বছর মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে। F গ্রেড প্রাপ্ত কোর্সে একাধিকবার পরীক্ষা দেওয়ার সুযোগ পাবে। একই সাথে গ্রেড উন্নয়ন এবং মানোন্নয়ন পরীক্ষা দেওয়া যাবে। তবে F গ্রেড প্রাপ্ত কোর্সকে গ্রহণযোগ্য গ্রেডে উন্নীত হলে ঐ কোর্সে মানোন্নয়ন পরীক্ষার সুযোগ থাকবেনা। এছাড়া F গ্রেড পাওয়া কোর্সে পরবর্তীতে গ্রেড উন্নয়ন হলে প্রাপ্ত গ্রেড যাই হোক না কেন $A^-$ এর বেশি প্রাপ্য হবে না।

জ) একই বর্ষে সর্বোচ্চ ২টি কোর্সে মানোন্নয়ন (C, $C^+$ এবং D গ্রেড প্রাপ্ত) পরীক্ষা দিতে পারবে। সর্বস্তরে মানোন্নয়ন পরীক্ষায় ফলাফলের ক্ষেত্রে Pickup পদ্ধতি অনুসরণ করা হবে। অর্থাৎ ১ম এবং ২য় বার পরীক্ষায় ফলাফলের মধ্যে যেটি উচ্চতর গ্রেড সে গ্রেড CGPA গণনার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

## ১৫. ডিগ্রি প্রাপ্তির যোগ্যতাসমূহ :

**ব্যাচেলর (অনার্স) ডিগ্রি পেতে হলে একজন শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তসমূহ পূরণ করতে হবে :**

ক) একজন শিক্ষার্থীকে সকল তত্ত্বীয়/ব্যবহারিক/টার্ম পেপার/মাঠকর্ম ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করে অবশ্যই ন্যূনতম CGPA 2.00 পেতে হবে। অন্যথায় সে উক্ত প্রোগ্রামের অকৃতকার্য বলে গণ্য হবে।

খ) CGPA 3.75 থেকে 4.0 প্রাপ্ত শিক্ষার্থীদের Distinction সহ অনার্স ডিগ্রি প্রদান করা হবে যা একাডেমিক ট্রান্সক্রিপ্টে উল্লেখ থাকবে

## ১৬. পাস ডিগ্রি :

ক) ১ম, ২য়, ৩য় বা ৪র্থ বর্ষে F গ্রেড পাওয়া কোর্সগুলো নির্দিষ্ট রেজিস্ট্রেশন মেয়াদে (শুরু থেকে ৭ শিক্ষাবর্ষের মধ্যে) অবশ্যই ন্যূনতম D গ্রেডে উন্নীত করতে হবে। উল্লেখ্য যে, কোন কোর্সে F গ্রেড থাকলে পরীক্ষার্থী অনার্স ডিগ্রি পাবে না।

খ) ৪ (চার) বছর কোর্স সম্পন্ন করার পর রেজিস্ট্রেশন মেয়াদ শেষে কোন পরীক্ষার্থী একাধিক F গ্রেডসহ সর্বমোট ক্রেডিটের ন্যূনতম ৮৫% ক্রেডিট এবং CGPA 2.00 অর্জন করলে তাকে পাস ডিগ্রি প্রদান করা হবে। তবে কোন কোর্সের পরীক্ষায় অনুপস্থিত থাকলে তাকে কোন ডিগ্রি প্রদান করা হবে না।

গ) পাস ডিগ্রিপ্রাপ্ত শিক্ষার্থীগণ মাস্টার্স প্রিলিমিনারী প্রোগ্রামে ভর্তি হওয়ার সুযোগ পাবে।

## ১৭. ট্রান্সক্রিপ্টস:

বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে প্রত্যেক বর্ষের ফলাফলের ট্রান্সক্রিপ্ট প্রদান করা হবে। প্রত্যেক বর্ষের ট্রান্সক্রিপ্টে সে বর্ষের GPAউল্লেখ থাকবে। সর্বশেষ ট্রান্সক্রিপ্টে CGPA উল্লেখ থাকবে। ট্রান্সক্রিপ্টে কোন সর্বমোট নম্বর উল্লেখ থাকবে না।

## ১৮. পূর্ববর্তী সিলেবাস থেকে নতুন সিলেবাসে ট্রান্সফরমেশন:

২০২৩-২৪ বা পূর্ববর্তী শিক্ষাবর্ষে ভর্তিকৃত কোন শিক্ষার্থী ২য় বর্ষে প্রমোশন না পেলে অথবা কোন পরীক্ষায় অংশগ্রহণ না করলে সে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের সিলেবাস অনুসরণ করবে। কিন্তু ২০২৩-২৪ বা পূর্ববর্তী শিক্ষাবর্ষের কোন শিক্ষার্থী কোন কোর্সে পাশ করতে ব্যর্থ হলে সে পূর্ববর্তী সিলেবাস অনুসারে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

12/7/2024
Dr. A. M. Ruhul Quddus
Dean (In-Charge)
Curriculum Development & Evaluation Centre
National University, Bangladesh.
E-mail : dean.curriculum@nu.ac.bd

## ১৮. Distribution of Marks in Question Paper and Continuous Assessment

**A. 4 Credit Course:**

**Continuous Assessment-20 Marks + Final Examination: 80 Marks, Full Marks: 100, Duration of Examination: 4 Hours**

| Question Types | Details | Marks |
|---|---|---|
| Broad questions. (analytical/conceptual/ numerical/critical) (Covering all the chapters of the syllabus) | 8 questions are to be answered out of 12. Each question may be sub-divided into maximum 3 sub-questions such as (a), (b) and (c). | 10×8=80 |

**Continuous Assessment**

| Continuous Evaluation Approach | Marks |
|---|---|
| a) Assignment with presentation, Quiz test | 05 |
| b) Class attendance | 05 |
| c) In-course examination (Average of two examination) | 10 |
| **Total=** | **20** |

**B. 3 Credit Course:**

**Continuous Assessment-15 Marks + Final Examination: 60 Marks, Full Marks: 75, Duration of Examination: 4 Hours**

| Question Types | Details | Marks |
|---|---|---|
| Broad Questions (analytical/conceptual/numerical/critical) (Covering all the chapters of the syllabus) | 6 questions are to be answered out of 9. Each question may be sub-divided into maximum 3 sub-questions such as (a), (b) and (c). | **10×6 = 60** |

**Continuous Assessment**

| Continuous Evaluation Approach | Marks |
|---|---|
| a) Assignment with presentation, Quiz test | 04 |
| b) Class attendance | 03 |
| c) In-course examination (Average of two examination) | 08 |
| **Total=** | **15** |

**C. 2 Credit Course:**

**Continuous Assessment-10 Marks + Final Examination: 40 Marks, Full Marks: 50, Duration of Examination: 3 Hours**

| Question Types | Details | Marks |
|---|---|---|
| Broad Questions (analytical/conceptual/numerical/critical) (Covering all the chapters of the syllabus) | 4 questions are to be answered out of 6. Each question may be sub-divided into maximum 3 sub-questions such as (a), (b) and (c). | **10×4 = 40** |

**Continuous Assessment**

| Continuous Evaluation Approach | Marks |
|---|---|
| a) Assignment with presentation, Quiz test | 03 |
| b) Class attendance | 02 |
| c) In-course examination (Average of two examination) | 05 |
| **Total=** | **10** |



Dr. A. H. M. Ruhul Quddus
Dean (In-Charge)
Curriculum Development & Evaluation Centre
National University, Bangladesh.
E-mail: dean.curriculum@nu.ac.bd